কৃষিই সমৃদ্ধি

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
কৃষি ভবন
৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
ক্ষুদ্রসেচ বিভাগ
অধিশাখা-১, শাখা-১
www.badc.gov.bd

স্মারক নং- ১২.২৫১.০৩২.১১.০০.৩৭.২০০৫-৭২০

তারিখ: ১২ বৈশাখ, ১৪৩১ / ২৫ এপ্রিল, ২০২৪

বিষয়: ভূ-গর্ভস্থ পানিদূষণ নিয়ন্ত্রণ সংক্রান্ত।

সূত্র: কৃষি মন্ত্রণালয়, উপকরণ-২ শাখা এর দপ্তর স্মারক নং- ১২.০০.০০০০.০২৬.৩৯.০০৫.২২-৫৯, তারিখ: ১০ মার্চ, ২০২৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সূত্রোক্ত পত্রের চিত্রকপি এতদসংগে প্রেরণ করা হলো। সূত্রোক্ত পত্রের মর্মানুযায়ী ভূ-গর্ভস্থ পানির দূষণ নিয়ন্ত্রণের বিষয়ে পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর সুপারিশের আলোকে সংশ্লিষ্ট বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: সূত্রোক্ত পত্র- ০৩ (তিন) পাতা।

২৪/৪/২০২৪
(শিবেন্দ্র নারায়ণ গোপ)
প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ)
বিএডিসি, কৃষি ভবন, ঢাকা
ফোনঃ-০২-৪৭১২৩০১৯
ই-মেইল: cemibadc@gmail.com

অনুলিপি (কার্যার্থে): (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বিএডিসি (মাঠ পর্যায় সকল)।
২। নির্বাহী প্রকৌশলী, বিএডিসি (মাঠ পর্যায় সকল)।

অনুলিপি (জ্ঞাতার্থে): (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। প্রধান প্রকৌশলী (নির্মাণ/সওকা), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), বিএডিসি, পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল, সেচ ভবন, ঢাকা।
৩। উপ-প্রধান প্রকৌশলী (মিশু), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সদস্য পরিচালক (ক্ষুদ্রসেচ) মহোদয়ের সহকারী ব্যাক্তিগত কর্মকর্তা, বিএডিসি, কৃষি ভবন, ঢাকা (সদস্য পরিচালক (ক্ষুদ্রসেচ) মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) এর কার্যালয়

ময়মনসিংহ সার্কেল, ঢোলাদিয়া, ময়মনসিংহ।
ইমেইল: sebadcmymn@gmail.com | ওয়েবসাইট: www.irribadc.mymensinghdiv.gov.bd

স্মারক নং- ৯৮২

তারিখ: ১২ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ / ২৫ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

সংযুক্ত পত্রের মর্মানুযায়ী ভূগর্ভস্থ পানির দূষণ নিয়ন্ত্রণের বিষয়ে পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর সুপারিশের আলোকে সংশ্লিষ্ট বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

অনুলিপি (কার্যার্থে):

১) নির্বাহী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), বিএডিসি, ময়মনসিংহ রিজিয়ন, ময়মনসিংহ।
২) সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/নির্মাণ/সওকা), বিএডিসি, ময়মনসিংহ জোন, ময়মনসিংহ।
৩) উপসহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/সওকা), বিএডিসি, সদর/ মুক্তাগাছা/ ফুলবাড়ীয়া/ ভালুকা/ গফরগাঁও/ ঈশ্বরগঞ্জ/ নান্দাইল/ ফুলপুর/ হালুয়াঘাট ইউনিট, ময়মনসিংহ।
৪) অফিস কপি।

২৫.০৪.২৪
(প্রকৌ. মুহাম্মদ নজরুল ইসলাম)
পরিচিতি নং-০৩০১০৩
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
ফোন: ০২৯৯৬৬৬৬৩০৯

১২৬

AE-1
২০.০৩.২৪

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

স্মারক নম্বর: ১২.০০.০০০০.০২৬.৩৯.০০৫.২২.৫৯

তারিখ: ২৬ ফাল্গুন ১৪৩০
১০ মার্চ ২০২৪

বিষয়: ভূ-গর্ভস্থ পানিদূষণ নিয়ন্ত্রণ সংক্রান্ত।

সূত্র: পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এর স্মারক নং- ২২.০০.০০০০.০৭৭.৯৯.০০১.২২.৭৭, তারিখ: ২৭/০৮/২০২৩ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে ভূগর্ভস্থ পানির দূষণ নিয়ন্ত্রণের বিষয়ে পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর সংশ্লিষ্ট সুপারিশের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

১০-৩-২০২৪
মো: জসিম উদ্দিন
উপসচিব (রুটিন দায়িত্ব)
ফোন: ০২৫৫১০০৯৬৪
ইমেইল: moa.input2@gmail.com

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১) চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
২) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
৩) মহাপরিচালক , কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

স্মারক নম্বর: ১২.০০.০০০০.০২৬.৩৯.০০৫.২২.৫৯/১(৪)

তারিখ: ২৬ ফাল্গুন ১৪৩০
১০ মার্চ ২০২৪

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে
১) সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
২) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়
৩) অতিরিক্ত সচিব (সার ব্যব: ও উপ:) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
৪) যুগ্ম সচিব (উপকরণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, ঢাকা।

১০-৩-২০২৪
মো: জসিম উদ্দিন
উপসচিব (রুটিন দায়িত্ব)

"ভূ-গর্ভস্থ পানির দূষণ নিয়ন্ত্রণ" বিষয়ে ওয়ারপোর মতামত

"ভূ-গর্ভস্থ পানির দূষণ নিয়ন্ত্রণ" বিষয়ে ওয়ারপোর মতামত নিম্নে প্রদান করা হলোঃ

আলোচনাঃ

পরিবেশের সাথে ভূ-গর্ভস্থ পানির সম্পর্ক ওতোপ্রোতভাবে জড়িত। পানির পরিমান ও গুনগত মান বজায় রাখা পরিবেশ ও প্রতিবেশের জন্য অত্যন্ত জরুরী। শিল্পায়ন, নগরায়ন, ক্রমাগত উন্নয়ন, জনসংখ্যা বৃদ্ধি, জলবায়ু পরিবর্তন এবং মানুষের অনৈতিক কার্যক্রম ইত্যাদি কারণে জলাশয় ও নদীর পানি তথা ভূ-গর্ভস্থ ও ভূপরিস্থ পানির পরিমান ও গুনগত মান ক্রমশঃ বিনষ্ট তথা দুষিত হচ্ছে।

উল্লেখ্য যে নাটোর জেলার সদর উপজেলাধীন বড়ভিটা নামক এলাকায় স্থানীয় কৃষকগণ ভূ-পরিস্থ জলাবদ্ধ পানি (কৃষি জমির সার ও কীটনাশকযুক্ত) হাউজ বোরিং এর মাধ্যমে ভূ-গর্ভে প্রবেশ করিয়ে ভূ-গর্ভস্থ পানির দূষণ ঘটাচ্ছে মর্মে জানা যাচ্ছে।

এ মর্মে বাংলাদেশ পানি আইন ২০১৩ এর ধারা নিম্নরূপঃ

পঞ্চম অধ্যায়, পানি দূষণ নিয়ন্ত্রন (ধারা ২৮)

"পানি দূষণ নিয়ন্ত্রণের ক্ষেত্রে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সাল এর ১ নং আইন) এর বিধানাবলী প্রযোজ্য হইবে। ব্যাখ্যাঃ "পানি দূষণ" অর্থ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে পানির ভৌত, রাসায়নিক বা জৈব গুণাবলির ক্ষতিকর কোন পরিবর্তন।

ঘটনা পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, কৃষকগণ দ্রুত পানি অপসারণের মাধ্যমে জলাবদ্ধতা নিরসন পূর্বক আগাম ধান রোপনের জন্য জমি তৈরির উদ্দেশ্যে উক্তরূপ ভূ-পরিস্থ জলাবদ্ধ পানি (কৃষি জমির সার ও কীটনাশকযুক্ত) হাউজ বোরিং এর মাধ্যমে ভূ-গর্ভে প্রবেশ করিয়ে পরিবেশের জন্য ক্ষতিকর এরূপ কার্যক্রম করা হচ্ছে।

ওয়ারপোর সুপারিশ:

- সংশ্লিষ্ট জেলা প্রশাসন, BADC, DAE বা BARC এর মাধ্যমে আধুনিক প্রযুক্তি নির্ভর Terracing বা ধাপ পদ্ধতির প্রবর্তনের মাধ্যমে অপেক্ষাকৃত উচু এলাকায় পানি সরবরাহ ও সংরক্ষন পূর্বক নীচু এলাকায় পানি কমানো এবং ধান চাষের উপযোগী করার মাধ্যমে উভয় এলাকায় আধুনিক ধান চাষের উপযোগী হিসাবে গড়ে তোলা এবং কৃষককে উদ্বুদ্ধ করা যেতে পারে।

- পানি দূষণের অন্যতম কারণ অপরিকল্পিত/মাত্রাতিরিক্ত রাসায়নিক সার এবং নির্বিচারে কীটনাশক প্রয়োগ। উল্লেখ্য যে, এ ধরনের মাত্রাতিরিক্ত রাসায়নিক সার কোন সুফল বয়ে আনেনা বরং পোকামাকড়ের আক্রমণ বাড়িয়ে দেয়। এক্ষেত্রে BADC বা DAE, NGO সমুহ সংশ্লিষ্ট কৃষকগণকে প্রয়োজনীয় সুষম সার প্রয়োগে উৎসাহ প্রদান, ক্যামিকেল সারের ব্যবহার হ্রাস, ক্যামিকেল সারের পরিবর্তে জৈব সার ব্যবহারে উদ্বুদ্ধ করা যেতে পারে।

- যে সমস্ত এলাকায় এ ধরণের অপরাধমূলক কার্যক্রম চলমান আছে সংশ্লিষ্ট জেলা প্রশাসক, জেলা সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা কমিটি বা পরিবেশ অধিদপ্তরের মাধ্যমে বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এর আলোকে ঐ সকল স্থান সমূহ পর্যবেক্ষণপূর্বক দূষণের পয়েন্ট ও নন-পয়েন্ট উৎস সমূহ চিহ্নিত করে নদীসহ ভূ-পরিস্থ পানি ও ভূ-গর্ভস্থ সকল ধরনের পানির দূষন রোধে উদ্দ্যোগ গ্রহণ করা যেতে পারে।

- পানির দূষণ নিয়ন্ত্রণ এবং এ ধরণের দূষিত পানি ভূ-গর্ভস্থ একুইকারে স্থানান্তরের মাধ্যমে ভূ-গর্ভস্থ একুইফারে ক্ষতির ভয়াবহতা সম্পর্কে সচেতনতা সৃষ্টিতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ উদ্যোগ গ্রহন করতে পারে।

- সংশ্লিষ্ট এলাকার মৎস্য অধিদপ্তর, কৃষি অধিদপ্তর এবং কৃষি সম্প্রসারন অধিদপ্তরের যৌথ উদ্যোগে আবদ্ধ পানিতে সমন্বিত মৎস্য এবং ধান চাষ ব্যবস্থাপনার উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।

- নীচু এলাকার পানি সহিষ্ণু অপেক্ষাকৃত লম্বা ধরণের জাত এবং উপরের দিকে কম পানির ব্যবহারে স্বল্প সময়ে আহরণযোগ্য ধানের জাত রোপণ করা যেতে পারে। পাশাপাশি পানির ব্যবহার হ্রাসের লক্ষ্যে ধানের পরিবর্তে রবিশস্যের আবাদ বাড়ানো যেতে পারে।

- একাধিক মন্ত্রনালয়, প্রতিস্থান, অধিদপ্তর বা সংস্থার সাথে সংস্লিষ্ঠ বিষয়সমুহ আন্তঃমন্ত্রণালয় বা আন্তঃসংস্থা সমন্বয়ের মাধ্যমে সমাধান করা যেতে পারে।

20/06/2023

Md. Hasan Shahriar
Senior Scientific Officer
Water Resources Planning Organization
Ministry of Water Resources, Dhaka

২০/০৬/২০২৩

[illegible]
মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা
পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা